

# ভাঙা হচ্ছে না মিউজিয়াম

এই সময়, নয়াদিল্লি: সেন্ট্রাল ভিস্তার অংশ হিসেবে ন্যাশনাল মিউজিয়াম ভাঙা হচ্ছে না—তৃণমূলের রাজ্যসভার সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় সংস্কৃতি সচিব জহর সরকারের লিখিত প্রশ্নের জবাবে এমনই আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় সংস্কৃতি, পর্যটন ও উন্নয়নমন্ত্রী জি কিয়ান রেড্ডি। ২০১৯ সালে ঘোষিত সেন্ট্রাল ভিস্তা রি-ডেভেলপমেন্ট প্রকল্পের অংশ হিসাবে নতুন কমন সেন্ট্রাল সেক্রেটারিয়েট ভবনগুলির জন্য রাস্তা তৈরি করতে ভারতীয় জাদুঘর উত্তর ও দক্ষিণ ব্লকে স্থানান্তরিত করা হবে বলে

জানা গিয়েছিল। ২০২১ থেকে তৃণমূল সাংসদ জহর সরকার সংসদে সংস্কৃতি মন্ত্রী জি কিয়ান রেড্ডিকে বারবারই এ বিষয়ে প্রশ্ন করেছেন। রেড্ডি গত বছরের জুলাইয়ে উত্তর দিয়েছিলেন, এই বিষয়ে এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। অবশেষে বৃহস্পতিবার কেন্দ্রীয় মন্ত্রী জানালেন, ভাঙা হচ্ছে না ভারতীয় জাদুঘর। কেন্দ্রীয় মন্ত্রীর জবাবের পর জহর সরকার জানিয়েছেন, কয়েক মাস আন্দোলন ও উত্তেজনার পর অবশেষে সরকার সাড়া দিয়েছে এই বলে যে জাতীয় জাদুঘর ভাঙা হচ্ছে না।